



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/ ৫২৫০

তারিখ : ২১/০৯/২০১৪খ্রি.

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : কলেজের স্মারক নং- কেসি/ বেবর/২০১৪/৬৬, তারিখ- ৩০/০৬/ ২০১৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ১১/০৯/২০১৪খ্রি. তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, কাউনিয়া কলেজ, ডাক: কাউনিয়াহাট, উপজেলা: বেতাগী, জেলা বরগুনা-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহ নিয়ে ০১/০৭/২০১৪খ্রি. থেকে ৩০/০৬/২০১৭খ্রি. পর্যন্ত ০৩(তিন) শিক্ষা বছরের জন্য স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে শিক্ষাবোর্ড বিরত থাকবে।

শাখা	বিষয়
১। আবশ্যিক বিষয়	: বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল শাখার জন্য)
২। নৈর্ব্যাপ্তিক বিষয়	
ক) মানবিক শাখা	: পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা, সমাজকর্ম এবং সমাজ বিজ্ঞান
খ) ব্যবসায় শিক্ষা শাখা	: হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা এবং সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা
গ) সকল শাখার জন্য	: কৃষি বিজ্ঞান

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৭৪.০০৪.১১-৬০৩, তারিখ- ১৩ জুন ২০১৩ বর্ণনা অনুযায়ী বিজ্ঞপ্তি একাদশ-দ্বাদশ শ্রেণীর পরিমার্জিত বিষয় কাঠামোর প্রেক্ষিতে অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বিষয়টির স্বীকৃতির মেয়াদ নবায়ন করার সুযোগ নেই।

### শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে
- ০২। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে
- ০৩। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৪। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৬। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৭। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ০৮। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ০৯। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

২১-০৯-২০১৪

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫

অধ্যক্ষ

কাউনিয়া কলেজ,

ডাক: কাউনিয়াহাট, উপজেলা: বেতাগী

জেলা বরগুনা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

৩। প্রোগ্রামার, কম্পিউটার শাখা, বশিবো

৪। পি এস টু চেয়ারম্যান, বশিবো

৫। সংরক্ষণ নথি